দৈনিক বাংলা

৯৩

তারিখ 12 OCT 1995
পৃষ্ঠা ৫ কলাম ৬

# সিলেবাস বহির্ভূত প্রশ্নপত্র

আমরা ১৯৯৪ সালের জাতীয় বিশ্ববিদ্যালয়ের সনাতন পদ্ধতির বিএসএস (সম্মান) পরীক্ষার্থী। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আমাদের রেজিস্ট্রেশন হলেও জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর আমাদের নিয়ন্ত্রণভার জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপর ন্যস্ত হয়। তবে আমাদের ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমই বলবৎ থাকে। কিন্তু নির্ধারিত পাঠ্যক্রম (সিলেবাস) অনুযায়ী শ্রেণীকক্ষে পাঠদান ও পরীক্ষায় প্রশ্ন করার নিয়ম থাকলেও আমাদের এবারের রাষ্ট্রবিজ্ঞানের দ্বিতীয় পত্রের পরীক্ষায় ২নং ও ৯নং প্রশ্ন আমাদের নির্ধারিত পাঠ্যক্রমে নেই। আমাদের প্রশ্নপত্র কেন পাঠ্যক্রম বহির্ভূত হলো এবং এ জন্য আমরা পরীক্ষার্থীরা যে সমস্যার সম্মুখীন হলাম কর্তৃপক্ষ তা কিভাবে নিরসন করবেন এটাই তাদের কাছে আমাদের প্রশ্ন। তাছাড়া ভবিষ্যতে যাতে এরূপ ঘটনা আর না ঘটে সে ব্যাপারে বিশেষ দৃষ্টি রাখার জন্য তাদের প্রতি অনুরোধ জানাচ্ছি।

আনন্দমোহন কলেজের
রাষ্ট্রবিজ্ঞানের বিভাগের পক্ষ থেকে
বার্লিন, জাহাঙ্গীর, মামুন
রুপালী, মিতু, শিমি।